# রাজবাড়ীতে সংবাদ সংগ্রহে গিয়ে হামলার শিকার সাংবাদিক



সাংবাদিক মো. আকাশ মাহমুদ। ছবি: সংগৃহীত

রাজবাড়ীর পাংশায় একটি ঘটনার ভিডিও ধারণ করতে গিয়ে হামলার শিকার হওয়ার অভিযোগ করেছেন সাংবাদিক মো. আকাশ মাহমুদ। শনিবার (২৫ জুলাই) সন্ধ্যার দিকে পৌর শহরের মৈশালা বাসস্ট্যান্ড এলাকায় এ ঘটনা ঘটে।

আহত সাংবাদিককে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আকাশ মাহমুদ কালের কণ্ঠের রাজবাড়ী জেলা মাল্টিমিডিয়া রিপোর্টার এবং এনপিবি নিউজের জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত।

সাংবাদিক আকাশ মাহমুদের দাবি, কয়েক দিন আগে এইচএসসি পরীক্ষার্থীদের সঙ্গে ইজিবাইক চালকদের দুর্ব্যবহারের অভিযোগ ওঠে। এ-সংক্রান্ত একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর শনিবার বিকেলে কয়েকজন ছাত্র প্রতিনিধি বিষয়টি নিয়ে চালকদের সঙ্গে আলোচনা করতে বাসস্ট্যান্ড এলাকায় যান।

আকাশ মাহমুদ বলেন, সেখানে কথাবার্তার একপর্যায়ে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। তিনি ঘটনাটি মোবাইল ফোনে ধারণ করার চেষ্টা করলে কয়েকজন তার ওপর চড়াও হন। এ সময় তার ফোনে থাকা ভিডিও মুছে ফেলা হয়। পরে আবার মারধরের চেষ্টা করা হলে তিনি দৌড়ে ঘটনাস্থল ত্যাগ করেন।

ঘটনায় আহত ছাত্র প্রতিনিধি সাগর শিকদারের অভিযোগ, মৈশালা-লাঙ্গলবাঁধ সড়কে ইজিবাইক চালকদের একটি সংঘবদ্ধ চক্র রয়েছে। পরীক্ষার্থীদের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগের প্রতিবাদ জানাতে গিয়ে শনিবার তারা হামলার শিকার হন। এ ঘটনায় সাংবাদিক আকাশ মাহমুদসহ অন্তত ১০ থেকে ১২ জন আহত হয়েছেন বলে দাবি করেন তিনি।

পাংশা মডেল থানার ওসি শেখ মঈনুল ইসলাম জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি পরিদর্শন করেছে। আহত সাংবাদিক হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। এ বিষয়ে লিখিত অভিযোগ পেলে ঘটনার তদন্ত করে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।